ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৫৬

আগরতলা,২৬ জুলাই,২০২৫

ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের নবীন লাইফটাইম মেম্বারদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

## রাজ্য সরকার রাজ্যের ক্রীড়াবিদদের জন্য উন্নত পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ করে কাজ করছে

খেলাধুলার ক্ষেত্রে রাজ্যের ছেলেমেয়েদের মধ্যে প্রতিভার কোনও অভাব নেই। রাজ্য সরকার রাজ্যের ক্রীড়াবিদদের জন্য উন্নত পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ করে কাজ করছে। অন্যান্য ক্রীড়াক্ষেত্রের পাশাপাশি ক্রিকেটের উন্নয়নেও রাজ্য সরকার যথেষ্ট আন্তরিক। আজ আগরতলার সোনারতরী হোটেলে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের নবীন লাইফটাইম মেম্বারদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনে নতুন ৭৯ জন লাইফটাইম মেম্বার নির্বাচিত হয়েছেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ক্রিকেটে আমাদের দেশের একটা বিশেষ মর্যাদা রয়েছে। রাজ্যের ক্রিকেটের নাম উজ্জ্বল করতে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের অনেক দায়িত্ব রয়েছে। আগামীদিনে টি.সি.এ.-র সহযোগিতায় রাজ্যেও অনেক প্রতিভাবান ক্রিকেটার তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে রাজ্য সরকার প্রয়োজনীয় সহযোগিতার হাত বাড়িয়ে দেবে। মুখ্যমন্ত্রী বলেন, খেলাধুলার সাথে জড়িত থাকলে শুধু স্বাস্থ্যেরই উন্নতি হয় না, মানসিকভাবেও নিজেকে সুগঠিত করা যায়। খেলাধুলার মাধ্যমেই স্বাস্থ্য এবং মানসিকতার বিকাশ ঘটে। পাশাপাশি খেলাধুলার মাধ্যমেই ছেলেমেয়েদের বিপথগামিতা থেকে দূরে রাখা সম্ভব হবে।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, ক্রীড়াক্ষেত্রে রাজ্য বর্তমানে দ্রুতগতিতে এগিয়ে চলছে। বর্তমান রাজ্য সরকারের সময়কালে রাজ্যের ক্রীড়াক্ষেত্রের পরিকাঠামোগত ব্যাপক উন্নয়ন হয়েছে। এরফলে রাজ্যের ছেলেমেয়েরা জাতীয়, আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় সাফল্যও পাচ্ছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সম্পাদক সুব্রত দে ও সভাপতি তপন লোধ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন প্রাক্তন বিচারপতি তথা ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অরিন্দম লোধ।

*****